

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১৮ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৬৯-আইন/২০১৯/০৫/কাস্টমস — Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এই বিভাগের ১৮ জৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও.নং-১৫৫-আইন/২০১৭/৪১/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) ক্ষমতা প্রদান অংশে উল্লিখিত দফা (ক) ও (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক), (খ) ও (গ) প্রস্তাবনা প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫% (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ ও সমুদয় রেগুলেটরি ডিউটি;

(খ) TABLE-II এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ১৫% (পনের) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ ও সমুদয় রেগুলেটরি ডিউটি; এবং

(গ) TABLE-III এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় সমুদয় সম্পূরক শুল্ক, যদি থাকে,

( ১২১০৩ )

মূল্য : টাকা ৪.০০

এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা :—”;

(২) TABLE-II এর পর নিম্নরূপ TABLE-III সন্নিবেশিত হইবে, যথা :—

“TABLE –III

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)

87.11	87.11.10.21	Motorcycles , in CKD with four-stroke engine
	87.11.10.92	Motorcycles, four-stroke engine in CKD
	87.11.20.21	Motorcycles , in CKD with four-stroke engine
	87.11.20.92	Motorcycles, four-stroke engine in CKD ”

(৩) শর্ত ২ এ উল্লিখিত “এবং উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ TABLE-I ও TABLE-II এর অন্তর্ভুক্ত পণ্য আমদানি করিতে পারিবেন” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নের পরিবর্তে “মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরী-১ TABLE-I, TABLE-II ও TABLE-III এর অন্তর্ভুক্ত পণ্য এবং মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরী-২ TABLE-III এর অন্তর্ভুক্ত পণ্য আমদানি করিতে পারিবেন” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) ব্যাখ্যা এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) “মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরী-১” অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা মোটরসাইকেলের সমস্ত পার্টস নিজে প্রস্তুত করিয়া অথবা চেসিস ও এক বা একাধিক গুরুত্বপূর্ণ পার্টস নিজে প্রস্তুত করিয়া এবং অবশিষ্ট পার্টস স্থানীয় ভেড্ডর হইতে সংগ্রহ বা আমদানি করিয়া মোটরসাইকেল সংযোজন বা উৎপাদন করে;

“মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরী-২” অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত চেসিসের ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ আমদানিपूर्বক চেসিস তৈরি করিয়া এবং এক বা একাধিক গুরুত্বপূর্ণ পার্টস নিজে প্রস্তুত করিয়া এবং অবশিষ্ট পার্টস স্থানীয় ভেড্ডর হইতে সংগ্রহ বা আমদানি করিয়া মোটরসাইকেল সংযোজন বা উৎপাদন করে :

তবে শর্ত থাকে যে, সে সকল প্রতিষ্ঠান তৈরি চেসিস এবং অন্যান্য পার্টসসহ সম্পূর্ণ বিযুক্ত অবস্থায় মোটরসাইকেল আমদানি করিয়া স্থানীয়ভাবে সংযোজন করে তাহারা ইহার আওতাভুক্ত হইবে না”; এবং

(৫) পরিশিষ্ট-১ এ উল্লিখিত “সুপারিশ করা হইল” শব্দগুলির পর “এবং প্রতিষ্ঠানটিকে এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরী-১/মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরী-২ হিসাবে তালিকাভুক্ত করা হইল।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি  
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd